গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অতিরিক্ত সচিব (অপারেশন)- এর দপ্তর

নং-২৮.০০.০০০০.০০৭.০০.০০১.১৮-২৮

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯ বাং
০৭ আগষ্ট, ২০২২ ইং

প্রাপক:

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ শাখা)

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অপরিশোধিত তেল মনিটরিং এর লক্ষ্যে নিম্নস্বাক্ষরকারীকে আহবায়ক করে কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক জুলাই, ২০২২ মাসের প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

২। এমতাবস্থায়, কমিটির প্রতিবেদন সদয় অবগতি এবং পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে সংযুক্ত করে দাখিল করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৭/৮/২২
(ড. মহ. শের আলী)
অতিরিক্ত সচিব (অপারেশন)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে):

১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
২। ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ অধিশাখা
www.emrd.gov.bd

**বিষয়: ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক অপরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির জুলাই/২০২২ মাসের প্রতিবেদন।**

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১৩.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদনুযায়ী প্রতিমাসে ১.০৮৩ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে জুলাই, ২০২২ মাসে ০.৮৭ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয় যা মাসিক লক্ষ্যমাত্রার ০.২১৩ লক্ষ মে. টন কম। ২০২২-২৩ অর্থবছরের অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটির প্রথম সভা গত ২৭ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত হয় (কার্যবিবরণী সংযুক্ত)। উক্ত সভায় সার্বিক দিক পর্যালোচনা করে ছয়টি সিদ্ধান্ত গৃহীত হয় যা অপরিশোধিত তেল আমদানি কার্যক্রমকে তরান্বিত করবে।

২। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই, ২০২১ হতে জুন, ২০২২ মাসের অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপঃ

পরিমাণঃ লক্ষ মেট্রিক টন

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন | | | | | | | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | জুলাই | আগস্ট | সেপ্টেঃ | অক্টোঃ | নভেঃ | ডিসেঃ | জানুঃ | ফেব্রুঃ | মার্চ | এপ্রিল | মে | জুন | |
| ক্রুড অয়েল আমদানি | ১৩.০০ | ০.৮৭ | - | - | - | - | - | - | - | - | - | - | - | ০.৮৭ |

৩। <u>মনিটরিং কমিটির সুপারিশঃ</u>

ক) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অপরিশোধিত তেলের মাসিক আমদানির লক্ষ্যমাত্রার বিপরীতে জুলাই মাসে ০.২১৩ লক্ষ মে.টন কম হয়েছে। এমতাবস্থায় মাসিক (গড়) লক্ষ্যমাত্রা ১.০৮৩ লক্ষ মে.টন এর বিপরীতে আগামী মাসগুলোতে ১.১০ লক্ষ মে.টন অপরিশোধিত তেল আমদানি করতে হবে।

খ) ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ক্রুড অয়েল মজুদ ও ইআরএল কর্তৃক ক্রুড অয়েল পরিশোধনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

০৭/০৮/২০২২
(এস, এম, জুবায়ের হাসান)
ব্যবস্থাপক (প্রশাসন/বোর্ড)
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

(মোঃ কবির উদ্দিন)
সিস্টেম এনালিস্ট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

৭/৮/২২
(এইচ. এম খালিদ ইফতেখার)
উপসচিব (পরিকল্পনা-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

৭/৮/২২
(ড. মহঃ শের আলী)
অতিরিক্ত সচিব (অপারেশন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি



চিত্র ০১: অপরিশোধিত তেল আমদানির অগ্রগতি দেখতে ইআরএল এর ডিপোতে পরিদর্শনরত কমিটির সদস্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

নম্বর ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৩.২২.১১৯

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের বিপিসি'র মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদনি কাজ মনিটরিং কমিটির ১ম সভা**

আগামী ২৭/০৭/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় কমিটির আহ্বায়ক ড. মহঃ শের আলী, অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং সংক্রান্ত এক সভা নিম্ন বর্ণিত লিংকে অনুষ্ঠিত হবেঃ

জুম আইডি: 2429637481
পাসওয়ার্ড: 012022

২। উক্ত সভায় কমিটির সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-৭-২০২২
মোঃ কবির উদ্দিন
সিষ্টেম এনালিষ্ট ও কমিটির সদস্য
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) ব্যবস্থাপক(প্রশাসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) ব্যক্তিগত কর্মকর্তা, অপারেশন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

২০২২-২০২৩ অর্থবছরের বিপিসি'র মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. মহ. শের আলী<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৭ জুলাই ২০২২ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেড |

২০২২-২০২৩ অর্থবছরের বিপিসি'র মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটির আহবায়ক ও সভার সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য জনাব মোঃ কবির উদ্দিন সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বলেন যে, গত ২৫ জুলাই, ২০২২ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এক অফিস আদেশে ২০২২-২৩ অর্থবছরের জন্য বিপিসি'র মাসিক ভিত্তিতে অপরিশোধিত তেল আমদানি মনিটরিং এর জন্য এ কমিটি গঠিত হয়। কমিটি বা কমিটির কোন সদস্য প্রতিমাসে ইআরএল পরিদর্শনপূর্বক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবে। তিনি আরও বলেন যে, গত ২০২১-২২ অর্থবছরে অপরিশোধিত তেল আমদানি সংক্রান্ত ১২ টি প্রতিবেদন দাখিল করা হয়েছে। নভেম্বর, ২০২১ মাসে ইআরএল এ সার্বিক মেইনটেন্যান্স এর কারণে মাসিক গড় ক্রুড অয়েল আমদানি করা হয়নি। তাছাড়া, মোট লক্ষ্যমাত্রা ১২.০০ লক্ষ মে.টন এর বিপরীতে ১৩.৬৩ লক্ষ মে.টন অপরিশোধিত তেল আমদানি করা হয়েছে যা ২০২১-২২ অর্থবছরের মোট লক্ষ্যমাত্রার ১.৬৩ লক্ষ মে. টন বেশি।

০২। অপরিশোধিত তেল আমদানি এপিএ এর সাথে সংশ্লিষ্টতা ও এর গুরুত্বের কথা উল্লেখ করে সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় প্রতিবেদনের মন্তব্যে গদবাঁধা ও ঢালাও পরামর্শের পরিবর্তে সুনির্দিষ্ট পরামর্শ হতে হবে এবং পরিদর্শনকৃত সময়ের ছবি যুক্ত করতে হবে। ছবি মূল্যায়নের গুরুত্ব বাড়িয়ে দেয়।

০৩। কমিটির সদস্য জনাব এইচ. এম. খালিদ ইফতেখার (উপসচিব) বলেন যে, জনাব নাসিরুল আলম, সহকারী মহাব্যবস্থাপক (প্ল্যানিং), ইআরএল এপিএ বাস্তবায়ন কমিটির সাথে সরাসরি সম্পৃক্ত এবং অপরিশোধিত তেল আমদানি সংক্রান্ত কর্মপরিকল্পনার অভিজ্ঞতা অনেক বেশি, তাঁকে কমিটিতে কো-অপ্ট করা যেতে পারে। অপরিশোধিত তেল আমদানি সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য জনাব নাসিরুল আলম, সহকারী মহাব্যবস্থাপক (প্ল্যানিং) কে কমিটিতে কো-অপ্ট করার জন্য সকলে একমত প্রকাশ করেন।

০৪। কমিটির সদস্য-সচিব ও ব্যবস্থাপক, বিপিসি জনাব এস. এম জোবায়ের হোসেন উল্লেখ করেন যে,

২০২২-২৩ অর্থবছরে অপরিশোধিত তেল আমদানির মোট লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩.০০ লক্ষ মে.টন। তৎপ্রেক্ষিতে প্রতিমাসে গড় অর্জন হতে হবে ১.০৮৩ লক্ষ মে.টন। জুলাই, ২০২২ মাসে গড় ক্রুড অয়েল আমদানি হয়েছে ০.৮৭ লক্ষ মে.টন, যা মাসিক গড় লক্ষ্যমাত্রার ০.২১৩ লক্ষ মে.টন কম।

০৫। সভায় আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্তের বিবরণ | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৫.১ | জুলাই, ২০২২ মাসে মাসিক ক্রুড অয়েল আমদানির লক্ষ্যমাত্রার চেয়ে ০.২১৩ লক্ষ মে.টন আমদানি কম হওয়ায় আগামী মাসগুলোতে সমন্বয় করে মোট লক্ষ্যমাত্র অর্জনে সচেষ্ট থাকতে হবে; | সদস্য-সচিব |
| ৫.২ | প্রতিমাসের শেষে ইআরএল পরিদর্শন করে অপরিশোধিত তেল আমদানির প্রতিবেদন তৈরি করতে হবে; | সদস্য-সচিব |
| ৫.৩ | প্রতিবেদনে পরিদর্শনরত অবস্থার ছবি যুক্ত করতে হবে; | সদস্য-সচিব |
| ৫.৪ | প্রতিবেদনের মন্তব্যে সুনির্দিষ্ট ও গঠনমূলক পরামর্শ দিতে হবে; | সদস্য-সচিব |
| ৫.৫ | চলতি মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে ফরোয়ার্ডিং লেটারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে; | সদস্য-সচিব |
| ৫.৬ | জনাব নাসিরুল আলম, সহকারী মহাব্যবস্থাপক (প্ল্যানিং), ইআরএল কে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা হলো। | - |

০৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মহ. শের আলী
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৩.২২.১২১

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯
০৭ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

৬) এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (প্লানিং), প্ল্যানিং উপ-বিভাগ, ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

৭) ব্যবস্থাপক(প্রশাসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

মোঃ কবির উদ্দিন
সিষ্টেম এনালিষ্ট ও সংশ্লিষ্ট কমিটির সদস্য